

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, সেপ্টেম্বর ১, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ১৭ ভাদ্র ১৪৩১/ ০১ সেপ্টেম্বর ২০২৪

নম্বর: ০৮.০০.০০০০.৮২১.৬২.০৫৭.২৪.২৭০—গত ২৮ আগস্ট ২০২৪ তারিখে নেপালের লিলিতপুর আনফা কমপ্লেক্স স্টেডিয়ামে অনুষ্ঠিত যষ্ঠি ‘সাফ অনূর্ধ্ব-২০ চ্যাম্পিয়নশিপ ২০২৪’ টুর্নামেন্টে ফাইনাল খেলায় স্বাগতিক নেপালকে ৪-১ গোলে পরাজিত করে প্রথমবার চ্যাম্পিয়ন হওয়ার গোরব অর্জন করে বাংলাদেশ অনূর্ধ্ব-২০ ফুটবল দল। এই টুর্নামেন্টে বাংলাদেশ শ্রীলঙ্কা এবং ভারতকে পরাজিত করে ফাইনাল খেলার যোগ্যতা অর্জন করে। এ বিজয় দেশের যেকোনো পর্যায়ের ফুটবলের ক্ষেত্রে এক অনন্য অর্জন। এ টুর্নামেন্টে বাংলাদেশ অনূর্ধ্ব-২০ ফুটবল দলের মিরাজুল ইসলাম সর্বোচ্চ গোলদাতা ও সেরা খেলোয়াড় এবং মোহাম্মদ আসিফ সেরা গোলরক্ষকের খেতাব অর্জন করে। এই সাফল্য বাংলাদেশ অনূর্ধ্ব-২০ ফুটবল দলের অদম্য এক ঝাঁক তরুণদের ইস্পাত কঠিন প্রত্যয় ও সংগ্রামের অর্জন।

০২। উপদেষ্টা পরিষদ মনে করে যে, এ বিজয়ের ফলে অগণিত তরুণ আত্মপ্রত্যয়ে জেগে ওঠার শক্তি পেয়েছে। উপদেষ্টা পরিষদ আশা করে যে, এ অনন্য অর্জন বাংলাদেশ অনূর্ধ্ব-২০ ফুটবল দলকে আরও আত্মবিশ্বাসী করে তুলবে এবং উত্তরোত্তর সফলতা অর্জনে অনুপ্রেরণা যোগাবে।

০৩। বাংলাদেশ অনূর্ধ্ব-২০ ফুটবল দলের এই অসামান্য ক্রীড়া নৈপুণ্যের জন্য সকল খেলোয়াড়, কোচ ও কর্মকর্তাসহ সংশ্লিষ্ট সকলকে আন্তরিক অভিনন্দন জানিয়ে উপদেষ্টা পরিষদের ১৪ ভাদ্র ১৪৩১/ ২৯ আগস্ট ২০২৪ তারিখের বৈঠকে একটি অভিনন্দন প্রস্তাব গৃহীত হয়।

০৪। উপদেষ্টা পরিষদের বৈঠকে গৃহীত উক্ত অভিনন্দন প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মাহবুব হোসেন
মন্ত্রিপরিষদ সচিব

(২৪৪৯৭)
মূল্য : টাকা ৪.০০

উপদেষ্টা পরিষদের অভিনন্দন প্রস্তাব

ঢাকা : ১৪ ভাদ্র ১৪৩১
২৯ আগস্ট ২০২৪

গত ২৮ আগস্ট ২০২৪ তারিখে নেপালের ললিতপুর আনফা কমপ্লেক্স টেডিয়ামে অনুষ্ঠিত ঘষ্ট ‘সাফ অনুর্ধ্ব-২০ চ্যাম্পিয়নশিপ ২০২৪’ টুর্নামেন্টে ফাইনাল খেলায় স্বাগতিক নেপালকে ৪-১ গোলে পরাজিত করে প্রথমবার চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে বাংলাদেশ অনুর্ধ্ব-২০ ফুটবল দল। এই টুর্নামেন্টে বাংলাদেশ শ্রীলংকা এবং ভারতকে পরাজিত করে ফাইনাল খেলার যোগ্যতা অর্জন করে। এ বিজয় দেশের যেকোনো পর্যায়ের ফুটবলের ক্ষেত্রে এক অনন্য অর্জন। এ টুর্নামেন্টে বাংলাদেশ অনুর্ধ্ব-২০ ফুটবল দলের মিরাজুল ইসলাম সর্বোচ্চ গোলদাতা ও সেরা খেলোয়াড় এবং মোহাম্মদ আসিফ সেরা গোলরক্ষকের খেতাব অর্জন করে।

এই সাফল্য বাংলাদেশ অনুর্ধ্ব-২০ ফুটবল দলের অদম্য এক ঝাঁক তরুণদের ইস্পাত কঠিন প্রত্যয় ও সংগ্রামের অর্জন।

উপদেষ্টা পরিষদ মনে করে যে, এ বিজয়ের ফলে অগণিত তরুণ আত্মপ্রত্যয়ে জেগে ওঠার শক্তি পেয়েছে। উপদেষ্টা পরিষদ আশা করে যে, এ অনন্য অর্জন বাংলাদেশ অনুর্ধ্ব-২০ ফুটবল দলকে আরও আত্মবিশ্বাসী করে তুলবে এবং উত্তরোত্তর সফলতা অর্জনে অনুপ্রেরণা যোগাবে।

উপদেষ্টা পরিষদ বাংলাদেশ অনুর্ধ্ব-২০ ফুটবল দলের এই অসামান্য ক্রীড়া নেপুণ্যের জন্য সকল খেলোয়াড়, কোচ ও কর্মকর্তাসহ সংশ্লিষ্ট সকলকে আন্তরিক অভিনন্দন জানাচ্ছে।